দৈনিক সংবাদ

তারিখ 19 AUG 1995
পৃষ্ঠা ৫ কলাম ৫

### বদলগাছিতে খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচী

# ছাত্রছাত্রীর সংখ্যা বাড়লেও সুযোগ সুবিধা বাড়েনি

আক্কেলপুর (জয়পুরহাট), ১৮ই আগস্ট (নিজস্ব সংবাদদাতা)।- বদলগাছি থানায় খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচীর আওতা-ভুক্ত প্রাথমিক বিদ্যালয়সমূহে ছাত্রছাত্রীদের সংখ্যা বৃদ্ধি পেতে শুরু করলেও বিদ্যালয়-গুলোতে সুযোগ-সুবিধা তেমন বাড়েনি। প্রায় বিদ্যালয়েই শিক্ষক, শ্রেণীকক্ষ, চেয়ার, টেবিল ও শিক্ষা সামগ্রীর সংকট দেখা দিয়েছে।

বদলগাছি থানায় খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচী শুরু হয় ১৯৯৩ সাল থেকে পর্যায়ক্রমে ২টি ইউনিয়নে। কর্মসূচীর শুরুতে মিঠাপুকুর ও বালুখরার ১৭টি সরকারি ও ৬টি বেসরকারি রেজিঃ বিদ্যালয়কে এই কর্মসূচীতে অন্তর্ভুক্ত করা হয়। স্কুল সূত্রে জানা গেছে, খাদ্য নেয়ার জন্য স্কুলে ছাত্রছাত্রীর সংখ্যা গতবারের তুলনায় বেশি।

বদলগাছিতে খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচী চালু হওয়ায় ক্রমান্বয়ে সংশ্লিষ্ট বিদ্যালয়গুলোতে ছাত্রছাত্রীর সংখ্যা বৃদ্ধি পেতে শুরু করলেও লেখাপড়ার সুযোগ-সুবিধা তেমন বাড়েনি। অধিকাংশ বিদ্যালয়ে ছাত্রছাত্রীর সংখ্যা অনুপাতে শিক্ষক নেই। প্রতি ৪০ জন ছাত্রছাত্রীর জন্য ১জন শিক্ষক বরাদ্দ থাকার নিয়ম থাকলেও এখানে সে নিয়ম নেই। কিছু কিছু বিদ্যালয়ে ছাত্রছাত্রীর সংখ্যা অনেক বেশি থাকলেও সেখানে শিক্ষক রয়েছেন মাত্র ৪ জন। আবার অনেক স্কুলে দেখা গেছে ছাত্রছাত্রী অনেক থাকলেও শিক্ষক রয়েছেন মাত্র ২ জন। এছাড়া অধিকাংশ বিদ্যালয়ে রয়েছে চেয়ার, টেবিল, শ্রেণীকক্ষ, ব্ল্যাকবোর্ড, পায়খানা, টিউবওয়েলের তীব্র সংকট। যে বিদ্যালয়গুলো আজও পাকা হয়নি তাতে বর্ষাকালে ছাত্রছাত্রীদের লেখাপড়া বিঘ্নিত হচ্ছে।